



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।
Website: www.tgc.edu.bd

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ডিগ্রি (পাস) শ্রেণিতে
১ম মেধা তালিকা থেকে ভর্তি বিজ্ঞপ্তি
তারিখ: ১৬/১০/২০২৪ খ্রি.

ভর্তি ফরম ডাউনলোড: ২০/১০/২০২৪ থেকে ৩১/১০/২০২৪ পর্যন্ত
ভর্তি ফি ও ফরম জমা দান: ২১/১০/২০২৪ থেকে ০৩/১১/২০২৪ বিকাল ৩টা পর্যন্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকা ২০ অক্টোবর ২০২৪ তারিখ বিকাল ৪টা পর্যন্ত প্রকাশ করা হবে। উক্ত মেধা তালিকায় মনোনীত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নবর্ণিত প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। ভর্তিচ্ছুদেরকে যথাসময়ে ভর্তি প্রক্রিয়া সম্পাদন করার জন্য বলা হল।

■ **ভর্তি ফরম ডাউনলোড ও ভর্তি ফি জমা দান পদ্ধতি**

১. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions থেকে চূড়ান্ত ভর্তি ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।
২. জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২৭ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি বাতিল বলে গণ্য হবে।
৩. ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোনো শিক্ষার্থী কোর্স/গ্রুপ পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে **Yes** অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীদের কোর্স পছন্দক্রমে অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধার ভিত্তিতে কোর্স পরিবর্তন করা হবে।
৪. Student ID ব্যবহার করে কলেজ ওয়েবসাইটে (www.tgc.edu.bd) PAYMENT>Admission & Form Fill UP> Degree (Pass)>Degree (Pass) Admission 2023-2024 লিংক-এ ক্লিক করে কলেজের ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ হয়ে গেলে **bKash** এর মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করতে হবে এবং ফরম ডাউনলোড করতে হবে। Admission Roll-এর পূর্বে 2324 যোগ করে Student ID তৈরী করতে হবে। অতঃপর ভর্তি ফরম নিম্নবর্ণিত কাগজপত্রসহ ভর্তি কেন্দ্রের রুমে কমিটির নিকট জমা দিতে হবে।

৫. **ভর্তি ফি :**

বিএ/বিএসএস/বিবিএস	বিএস-সি
২৭১৫/-	২৮১৫/-
বি. দ্র: অমুসলিম শিক্ষার্থীদের ক্ষেত্রে ভর্তি ফি ৫০/- টাকা কম হবে।	

■ **ভর্তি ফরম ও অন্যান্য যেসকল কাগজপত্র কমিটির নিকট জমা দিতে হবে**

১. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট। (১+১= ০২ কপি)
২. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসা পত্রের ফটোকপি ০১ সেট। (১+১+১+১= ০৪ কপি) [সত্যায়িত ছাড়া]
৩. প্রাথমিক আবেদন ফরমের (এডমিট কার্ড) মূল কপি ও ফটোকপি। (১+১= ০২ কপি)
৪. বিশেষ কোটার (মুক্তিযোদ্ধার সন্তান, আদিবাসী, প্রতিবন্ধী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানাদি) প্রার্থী হলে তার প্রমাণপত্রের মূল কপি দেখাতে হবে এবং সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।


বি. দ্র: নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উত্তীর্ণ প্রার্থী ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

■ **ক্লাস শুরু: ০৫ নভেম্বর ২০২৪ তারিখ ওরিয়েন্টেশন প্রোগ্রামের মাধ্যমে ক্লাস শুরু হবে।**

ভর্তি সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য যোগাযোগ করা যাবে:


- ১) জনাব এস এম জাকারিয়া, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা- মোবাইল: ০১৭১৮-২৯৬১৭৮
- ২) জনাব মোঃ সিদ্দিক আলী, প্রদর্শক, রসায়ন- মোবাইল: ০১৭২২-৬৭৬৮০২

প্রতিস্থাপক


প্রফেসর মোঃ আব্দুল জলিল-৫৯২৬

অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ
ঠাকুরগাঁও।


মোঃ জবায়দুর রহমান

সহযোগী অধ্যাপক, ইস: ইতিহাস ও আহবায়ক

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) ভর্তি কমিটি
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।